হরিনাকুণ্ডুতে ফুলেল শুভেচ্ছায় সংবর্ধিত এসপি কাজী মনিরুজ্জামান

খুলনা রেঞ্জের শ্রেষ্ট পুলিশ সুপার ও সাতক্ষীরা জেলার সুযোগ্য পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান (জাহিদ) প্রধানমন্ত্রী কর্তৃক পুলিশের সর্বোচ্চ সম্মান সূচক পিপিএম (সেবা) পদক প্রাপ্ত হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বরেণ্য সন্তানকে নিজ জন্মস্থানের বন্ধুমহল, শিক্ষক, সাংবাদিক, ব্যবসায়ী, মানবাধিকারসহ বিভিন্ন পেশাজীবী মহলের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

গতকাল শুক্রবার বেলা সাড়ে তিনটায় উপজেলার একতারা মোড়ের একটি মিলনায়তনে মানবাধিকার ও গনমাধ্যম কর্মী অধ্যাপক মাহবুব মুরশেদ শাহীনের সঞ্চালনায় এবং বন্ধু মহলের এম. নজরুল ইসলামের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ এম. মোক্তার আলী, অধ্যক্ষ এম.শরিফুল ইসলাম ও এম. শহিদুল ইসলাম,এছাড়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিষ্ট্রার এম. জামাল উদ্দীন, থানার অফিসার ইনচার্জ এম. সাইফুল ইসলাম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব জামাল উদ্দীন, সহকারী অধ্যাপক এটিএম শরিফুজ্জামান, প্রধান শিক্ষক নিয়ামত আলী, মাসুদুল হক, জামাল উদ্দীন, মিজানুর রহমান, জাহাঙ্গীর আলমসহ বিভিন্ন গনমাধ্যম নেতৃবৃন্দ, মানবাধিকার কর্মী, বনিক সমিতির প্রতিনিধি, ফারিয়ার রাশেদ মোশাররফ, বন্ধু মহলের কবি গোলাম সরোয়ার, রাব্বুল হোসেন, জাহাঙ্গীর আলম প্রমুখ।

সংবর্ধিত অতিথি হরিনাকুণ্ডুর বরেণ্য সন্তান এসপি কাজী মনিরুজ্জামান পিপিএম তার বক্তৃতার শুরুতে বাঙালী জাতির শ্রেষ্ঠ সন্তান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের সাথে সাথে ১৫ আগষ্টের নির্মম হত্যায় বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিবসহ অন্যান্য শাহাদত বরণকারী, ৩রা নভেম্বর জেলখানায় নিহত জাতীয় চারনেতা, মহান স্বাধীনতা সংগ্রামে শাহাদত বরণকারী ত্রিশলক্ষ শহীদ, দুইলক্ষ সম্ভ্রম হারা মা বোনসহ জাতির গর্বিত সন্তান বীর মুক্তিযোদ্ধাদের অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন।

নিজ এলাকার বিভিন্ন পেশাজীবী সংগঠনের পক্ষ থেকে তাৎক্ষনিক এই সংবর্ধনা প্রদানের উদ্যোগ গ্রহন করায় আয়োজকদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। হরিনাকুণ্ডু থেকে মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, বাল্য বিয়ে, আত্মহত্যা, দেশ ও স্বাধীনতা বিরোধী ষড়যন্ত্রকারীদের হাত থেকে রক্ষা পেতে সচেতন নাগরিক সমাজকে পুলিশের সহায়তা করার আহ্বান জানান। বঙ্গবন্ধুর সোনার বাংলা থেকে শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গঠনে নিজ নিজ অঙ্গন থেকে ভূমিকা রাখার মধ্য দিয়ে একটি উন্নত দেশ গঠন সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

এসপি মনিরুজ্জামান অনুষ্ঠান স্থলে পৌছালে বিভিন্ন পেশাজীবী মহলের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করা হয়। এছাড়া তাকে সংবর্ধনা ক্রেষ্ট উপহার দেওয়া হয়।

ডা.এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহ বঙ্গবন্ধু পরিষদের স্মরণ সভা

বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা বঙ্গবন্ধু পরিষদের প্রাণশক্তি ডা. এস এ মালেকের মৃত্যুতে ঝিনাইদহে বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে স্মরণ সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে বঙ্গবন্ধু পরিষদ ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই স্মরণ সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে প্রধান আলোচক হিসেবে ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক, ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র জননেতা সাইদুল করিম মিন্টু।

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু পরিষদের সভাপতি প্রফেসর ডক্টর এ.এইচ.এম

আকতারুল ইলামের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদের কেন্দ্রীয় কমিটির সম্মানিত সদস্য অধ্যাপক আবেদ আলী।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস, জেলা বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক ও সরকারি কৌশুলি (জি. পি) অ্যাড. বিকাশ কুমার ঘোষ, জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহামুদ জন, ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাহিত্য সম্পাদক ও বঙ্গবন্ধু পরিষদ, ঝিনাইদহ জেলা শাখার যুগ্ম-সাধারণ সম্পাদক পিন্টু লাল দত্ত। আলোচনা শোষ মিলাদ ও দোয়া পরিচালনা করেন জামে মসজিদের ইমাম।

প্রধান অতিথির বক্তব্যে ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু বলেন, বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনের পুরোধা ব্যক্তিত্ব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনৈতিক সহযোদ্ধা এবং তাঁর আদর্শ ও সততার ধারক ও বাহক, মুক্তিযুদ্ধের সংগঠক বীর মুক্তিযোদ্ধা ডা. এস এ মালেকের মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গন তো বটেই, দেশের বুদ্ধিবৃত্তিক চর্চা এবং বঙ্গবন্ধুর আদর্শ প্রসার ও বিস্তারের অঙ্গনে এক অপূরণীয় ক্ষতি হয়েছে।

বক্তারা, বঙ্গবন্ধু পরিষদ-ঝিনাইদহ জেলার অগ্রযাত্রা ও কার্যক্রমে মহান ব্যক্তিত্ব ডা. এস এ মালেকের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদানকে আজকের এই স্মরণসভায় শ্রদ্ধাভরে স্মরণ করেছেন।

হরিণাকুণ্ডুতে মোটরসাইকেল ও ইঞ্জিনচালিত ভ্যানের মুখোমুখি

সংঘর্ষ, আহত ১

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মোটরসাইকেল ও ইঞ্জিনচালিত ভ্যানের মুখোমুখি সংঘর্ষে একজন গুরতর আহত হয়েছে।

শনিবার বিকেলে উপজেলার গোপিনাথপুর গ্রামের বড়দোপ নামক স্থানে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিকেল ৫টার দিকে কুষ্টিয়া জেলার ইবি থানাধীন রশুনপুর গ্রামের মনিরুদ্দীন মটরসাইকেল যোগে হরিণাকুণ্ডুর দিকে আসছিল। ঘটনাস্থলে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ইঞ্জিন চালিত ভ্যানের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে মটরসাইকেল চাকল আহত হলে তাকে স্থানীয়রা উদ্ধার করে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

কর্তব্যরত চিকিৎসক ডাঃ আমিনুল ইসলাম জানান তার ডান পায়ের হাড় ভেঙ্গে গেছে। এই অবস্থার তার উন্নত চিকিৎসার জন্য দ্রুত কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়।

ঝিনাইদহে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত

ঝিনাইদহে জেলা বিএনপির উদ্যোগে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত হয়েছে।

বৃহস্পতিবার (১৯জানুয়ারি) সকালে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন উপলক্ষে জেলা বিএনপি আয়োজনে সকালে শীত বস্ত্র বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এছাড়া শহরের একটি বেসরকারী ক্লিনিকে ১০ জন অসুস্থ রোগীকে রক্তদান, ওয়াজির আলী হাইস্কুল মাঠে ৫’শ শীর্তাতদের মাঝে কম্বল বিতরন ও জেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সাধারণ সম্পাদক

জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পুসহ জেলা ও উপজেলা পর্যায়ের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এ্যাড. এমএ মজিদ বলেন, এ দেশের স্বাধীনতার ঘোষক একমাত্র জিয়াউর রহমান। অথচ আজ এই ভোট বিহীন সরকার জিয়াউর রহমানকে নিয়ে প্রকৃত ইতিহাস বিকৃত করছে। আগামীতে আন্দোলন সংগ্রামের মাধ্যমে ক্ষমতায় এলে এর সঠিক জবাব দেওয়া হবে।

গেট অপারেটরকে শোকজ করায় প্রকৌশলীকে মারধরের হুমকী

ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডে আউট সোর্সিংয়ের মাধ্যমে কর্মরত দুই কর্মচারীর বিরুদ্ধে অফিস ফাঁকি দেয়াসহ অফিসের শৃংখলা ভঙ্গের অপরাধে মোখলেছুর রহমান ও তৈমুর রহমান টিপু নামে দুই গেট অপারেটরকে শোকজ নোটিশ জারি করা হয়েছে। এই শোকজ নোটিশ পাওয়ার পর ক্ষুদ্ধ হয়ে গেট অপারেটর তৈমুর রহমান টিপু উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমানকে গালিগালাজ করে মারতে উদ্যোত হন।

গতকাল বুধবার ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের ২০৯ স্মারকের একটি চিঠিতে আউটসোর্সিংয়ে কর্মরত দুই কর্মচারীর ওদ্ধ্যত্যের কথা উঠে এসেছে। অভিযোগ উঠছে ২০২২ সালের পহেলা মে ঢাকার জেমসন্স ট্রেডিং এজেন্সি ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডে আউটসোর্সিংয়ের মাধ্যমে ২৩ জন কর্মচারী সপ্লাই করে। যোগদানের পর থেকে এ সব কর্মচারীদের কেউ কেউ অফিস না করেই বেতন উত্তোলন করতেন বলে অভিযোগ।

২০২৩ সালের পহেলা জানুয়ারি থেকে নিয়ন্ত্রন কর্তৃপক্ষ হিসেবে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ড আউটসোর্সিংয়ে কর্মরতদের দেখভাল করছেন। দায়িত্ব পাওয়ার পর থেকে দেখা যায় গত ১২ জানুয়ারি থেকে অদ্যবধি গেট অপারেটর মোখলেছুর রহমান কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তিনি পানি উন্নয়ন বোর্ডের এক্সটেনশন অফিসার মোতালেব হোসেনের ভাই এবং সিরাজগঞ্জের সলঙ্গা উপজেলার চড়িয়া শিকার উত্তরপাড়া গ্রামের আব্দুল ইউসুফের ছেলে। ভাই অফিসার হওয়ার কারণে

মোখলেছুর রহমান ডিউটি না করেই বেতন তোলেন বলে অভিযোগ।

বিষয়টি পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ জানতে পেরে গত ১৬ জানুয়ারি ২০৭ নং স্মারকের একটি চিঠিতে কারণ দর্শানোর নোটিশ জারি করেন। অন্যদিকে ১৭ জানুয়ারি আরেক গেট অপারেটর হরিণাকুন্ডু উপজেলার নিত্যানন্দনপুর গ্রামের আমিরুল ইসলাম ঠান্ডুর ছেলে তৈমুর রহমান টিপু কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে শোকজ করেন উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান। এই শোকজ চিঠি জারির পর টিপু ক্ষুদ্ধ হয়ে অফিসে এসে প্রকৌশলী হাবিবুর রহমানকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন এবং তার পিতা আমিরুল ইসলাম ঠান্ডুকে নিয়ে মারধর করতে উদ্যোত হন।

চিঠিতে উল্লেখ করা হয় টিপুর এমন সন্ত্রাসী কর্মকান্ডে অফিসে উপস্থিত কর্মকর্তা কর্মচারিরা হতবাক ও আমি নিজেও ভীত সন্ত্রস্ত্র হয়ে পড়ি। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান জেমসন্স ট্রেডিং এজেন্সির পরিচালক আবু সাইদকে গতকাল বুধবার ২০৯ স্মারকে একটি চিঠি দিয়েছেন।

চিঠিতে উল্লেখ করা হয়েছে গেট আপারেট টিপুকে সতর্ক করার করণে এমন ওদ্ধত্যমুলক আচরণ আউটসোর্সিং কাজের উদ্দেশ্য ব্যহত হবে। এ ব্যাপারে গেট অপারেটর মোখলেছুর রহমান ও তৈমুর রহমান টিপুর বক্তব্য জানতে তাদের মুঠোফোনে ফোন করা হলে বন্ধ পাওয়া যায়।

বিষয়টি নিয়ে উপ-সহকারী প্রকৌশলী হাবিবুর রহমান গতকাল বুধবার বিকালে জানান, তারা কাজে অনুপস্থিত থাকেন বলেই তাদের শোকজ করা হয়েছে। তিনি বলেন গত মঙ্গলবার বিকালে তৈমুর রহমান টিপুকে শোকজ করায় তিনি আমাকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন ও মারতে উদ্যোত হন। বিষয়টি তাদের নিয়োগ কর্তৃপক্ষকে চিঠি দিয়ে জানানো হয়েছে।

কোটচাঁদপুরে ৬ শিং বিশিষ্ট

গরুর সন্ধান

৬ শিং বিশিষ্ট গরুর সন্ধান মিলেছে কোটচাঁদপুরে। এ অস্বাভাবিক গরুটির ঘটনা এলাকায় জানাজানি হয়ায় দর্শনার্থীদের ভিড় জমছে উপজেলার বহরমপুর গ্রামে।

গরুর মালিক মোশারফ হোসেন বলেন,দীর্ঘদিন ধরে আমি গরু পালন করে আসছি। এর আগে এমন বাছুর দেখিনি কোন দিন। তিনি বলেন, গেল দুই বছর আগে গরুটি জন্ম গ্রহন করেন। ওই বাছুরটি স্বাভাবিক গরুর মতই ছিল।

গরুর বয়স বাড়ার সঙ্গে সঙ্গে শিং ও বাড়তে থাকে বাছুরটি। প্রথমে বাছুরটির স্বাভাবিক গরুর মত দুইটি শিং দেখা যায় মাথায়। এর ৬ মাস পর দেখা যায় আরো দুইটি শিং। এর কয়েক মাস পর দেখা যায় আরো দুটি শিংয়ের।

বর্তমানে গরুরটির মাথায় ৬ টি শিং শোভা পাচ্ছেন। তবে আরও শিং গজাতে পারে বলে মনে করছেন গরুর মালিক মোশারফ হোসেন।

ওই গ্রামের শিপন মন্ডল জানান,এমন অস্বাভাবিক গরু সচারাচর দেখা যায় না। ছোটবেলা থেকে লালন পালন করেছেন গরুর মালিক মোশারফ হোসেনের স্ত্রী। এ গরুটির কথা এলাকায় জানাজানি হয়ে পড়ায়,প্রতিনিয়ত গরুটি দেখতে দর্শণার্থীরা ভিড় করছেন তাদের বাড়িতে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর প্রাণী সম্পদ কর্মকর্তা রেজাউল করিম বলেন, এটা জন্মগত হতে পারে। তিনি উদাহরন দিয়ে বলেন,যেমন মানুষের হাতে পায়ে বাড়তি আঙ্গুল গজায়। ঠিক তেমন আর কি। এটা একটা বিশেষ গরু। ওই বিশেষ গরুটি দেখার আগ্রহও প্রকাশ করলেন ওই কর্মকর্তা।

কোটচাঁদপুরে ছিনতাইকারী

চক্রের কুড়ালের কোপে ভ্যান চালক সহ আহত ২

ছিনতাইকারী চক্রের কুড়ালের কোপে ভ্যান চালক শাহজামাল(৩৫) সহ দুই জন আহত হয়েছেন। মঙ্গলবার রাতে কোটচাঁদপুরের ভোমরাডাঙ্গা মাঠে এ ঘটনা ঘটে। বর্তমানে ভ্যান চালক ঢাকা মেডিকেলে চিকিৎসাধীন রয়েছেন বলে জানিয়েছেন স্বজনরা।

ভ্যান চালক শাহজামালের ভাই আশাদুল ইসলাম বলেন,মঙ্গল সন্ধ্যা রাতে সাবদারপুর বাজার থেকে ভ্যানে দুই জন যাত্রি তোলেন। এরপর তাদের নিয়ে যান উপজেলার ভোমরাডাঙ্গা গ্রামে। তাদেরকে ওই গ্রামে নামিয়ে বাড়ি ফেরার পথে ভোমরা ডাঙ্গা মাঠের মধ্যে কবলে পড়েন ছিনতাইকারী চক্রের। তারা ভ্যান চালকের টাকা মোবাইল ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন।
এ সময় ধস্তাধস্তি হয় ছিনাকারীদের সঙ্গে। এক পর্যায় তারা শাহজামাল কে কুড়াল দিয়ে কোপ দিয়ে নগদ ২ হাজার টাকা ও মোবাইল সেটটি জিনিয়ে নেন। বেধড়ক মারপিট করেন ভ্যানে থাকা শাহজামালের ভাইপো ফয়সাল হোসেনকে। এতে সেও গুরুতর আহত হন।

শাহজামাল উপজেলার সোয়াদি গ্রামের আফসার মুন্সির ছেলে আর ফয়সাল ওই গ্রামের আশাদুল ইসলামের ছেলে। বর্তমানে ভ্যান চালক ঢাকা মেডিকেলে চিকিৎসাধীন রয়েছেন। আর ভাইপো ফয়সাল প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়িতে আছেন।

এ ব্যাপারে কোটচাঁদপুরের লক্ষিপুর পুলিশ ফাঁড়ির সহউপপরিদর্শক (এএসআই) শামসুল আলম বলেন,ভ্যানচালক যাত্রী নিয়ে ভোমরা ডাঙ্গা গ্রামে যান। এসময় ওই ভ্যানে দুই জন যাত্রী ও তাঁর ভাইপো ছিলেন। যাত্রী নামিয়ে বাড়ি ফেরার পথে ভোমরা ডাঙ্গা মাঠের মধ্যে ছিনতাইকারী চক্রের কবলে পড়েন। ওই সময় তাদের কুড়ালের ভ্যান চালক গুরুত্বর আহত হয়েছেন। মারিপিটের স্বীকার হয়েছেন ফয়সাল। এ ব্যাপারে থানার মামলার প্রস্তুুতি চলছে। অন্যদিকে আমরা আসামি ধরতে অভিযান শুরু করেছি।

শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের সংর্ঘষে আহত ৭

ঝিনাইদহের শৈলকুপায় হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংর্ঘষে অন্তত ৭ জন আহত হয়েছেন। এসময় বাড়িঘর ভাংচুরের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার রাতে শৈলকুপা উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের নুন্দিরগাতী গ্রামে এই সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে আহত পল্লী চিকিৎসক নির্মল কুমার জানান, দীর্ঘদিন ধরে হিন্দু সম্প্রদায়ের মধ্যে দুটি দলের কোন্দল বিরাজ করছিল। তিনি বলেন, এ ঘটনার জের ধরে মঙ্গলবার রাতে তার উপর হামলা করে প্রতিপক্ষরা। নির্মল কুমার বিশ্বাস মাগুরা জেলার শ্রীপুর তার কর্মস্থল থেকে রাতে বাড়ী ফেরার পথে নুন্দিরগাতী সরকারী প্রাথমিক বিদ্যালয় এলাকায় পৌছালে প্রতিপক্ষরা তার উপর হামলা চালায়। পরে বাড়ি ভাংচুর, নগদ টাকা ও স্বর্ণলংকারসহ মালামাল লুট করে নিয়ে যায়। এ খবর ছড়িয়ে পড়লে হিন্দু সম্প্রদায়ের দু’গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। সংঘর্ষে বিপ্লব কুমার, সঞ্জয় কুমার, বাধন কুমার, নির্মল কুমার, স্মৃতি রাণী, সুবাস কুমার ও বিশ্বজিৎ কুমার গুরুত্বর আহত হন। আহতদের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাগুরা সদর হাসাপাতালে ভর্তি কনরা হয়ছে। এরমধ্যে অবস্থা গুরুতর হওয়ায় সুবাস কুমার নামে এক জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসাপাতালে পাঠানো হয়েছে। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা বিরাজ করছে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, সংঘর্ষের ঘটনায় একটি লিখিত এজাহার দাখিল করেছে পল্লি চিকিৎসক নির্মল কুমার। পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। তিনি বলেন, তদন্থ করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

মানুষের বিনোদনের খোরাক এখন কোটচাঁদপুরের ২২ মাথার খেজুর গাছ

একটি গাছে স্বাভাবিক ভাবে,একটি মাথায় হয়। তবে এর বেশি হলে,সেটা অস্বাভাবিক। এমনিই একটি গাছের সন্ধ্যান মিলেছে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার পল্রীতে। এটি একটি খেজুর গাছ। গাছটি ২২ টি মাথা নিয়ে দাড়িয়ে আছে। যা এখন মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে।

জানা যায়, কোটচাঁদপুর শহর থেকে ৫ কিলোমিটার বহরমপুর গ্রাম। এ গ্রামের পাশ দিয়ে গেছে (ইউএসআইডি) আমেরিকার জনগণের পক্ষ থেকে নির্মিত সড়ক। বর্তমান যার নাম করন হয়েছে আমেরিকান সড়ক।
এ সড়কের পাশের মাঠে জন্মেছে অস্বাভাবিক সেই ২২ মাথার খেজুর গাছ। গাছটির বর্তমান বয়স ৩০ বছর,এমনটাই জানালেন স্থানীয়রা।

দীর্ঘ দিন ধরে গাছটি তাঁর ২২ টি মাথা নিয়ে দাড়িয়ে আছে। এ খবরটি এখন এলাকা ছাড়িয়ে, দেশের বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। এ কারনে অনেক জায়গার মানুষই গাছটি এক নজর দেখতে ছুটে আসেন কোটচাঁদপুরের পল্লীর ওই গ্রামে।

যা এখন মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে। এই গাছটি মালিক ওই গ্রামের ডাক্তার সলেমান মুন্সীর।
তিনি বলেন,খেজুর গাছটি আমার পিতা আবু তালেব মুন্সি লাগিয়েছিল। পাশে আরো খেজুর গাছ ছিল। ওই গাছ থেকে রস সংগ্রহ করা হত। গাছগুলো কেটে ফেলা হয়েছে বেশ আগে। তবে অস্বাভাবিক ওই খেজুর গাছটি রেখে দেয়া হয়েছে।

তিনি বলেন,গাছটির বয়স ৩০ বছর হবে। বয়স হলেও গাছটি রেখে রাখা হয়েছে। কারন গাছটি এখন এলাকার ঐতিহ্য বহন করছে। এলাছা মানুষের বিনোদনের খোরাক হয়ে দাড়িয়েছে।

বহরমপুর গ্রামের কৃষক জুয়েল জানান, এই গাছটিতে অতিরিক্ত সাপ থাকতো। এ কারনে গাছ থেকে আর রস সংগ্রহ করা হত না। এ ছাড়া সাপের কারনে গাছটিতে খেজুর হলেও সেগুলো পাড়া হত না। গাছেই ফল পেকে নষ্ট হয়ে যেত। এভাবেই প্রথমে একটা দুইটা করে মাথা হতে থাকে। এক

সময় তা ২২ মাথায় রুপ নিয়েছেন।

ওই গ্রামে ঢাকা থেকে আসা আত্মীয় দর্শণার্থী শিপন জানান, এমন গাছ বিরল। ব্যতিক্রমী নিদর্শন। এই গ্রামে আসলেই একবার হলেও এ গাছটি দেখতে ছুটে আসি। দেশের বিভিন্ন এলাকা থেকে গাছটি এক নজর দেখতে অনেকেই আসেন ।

তিনি বলেন, ২২ মাথার খেজুর গাছটি,দেখে মনে হয় কোন শিল্পী নিপুন হাতে গাছের মাথা গুলো সাজিয়ে রেখেছেন। অবাক করার বিষয় গাছটির মূলের চেয়েও ২২গুন মাথা নিয়ে আকাশের দিকে চেয়ে আছে। প্রকৃতির এক বিচিত্র সৃষ্টি এই খেজুর গাছটি।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা কৃষি কর্মকর্তা মহাসীন আলী বলেন, এটি হরমন জনিত কারণে,এক বীজপত্রি উদ্ভিদে একাধিক শাখা প্রশাখা হতে পারে। আর এ ক্ষেত্রে সেটিই ঘটেছে। তবে এ ধরনের ঘটনা খুবই কম দেখা যায়।

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন– আমিরুজ্জামান খান শিমুল

এ সরকার দেশকে ফোকলা করে দিয়েছেন। সরকারের নিকটতম মানুষ ও আওয়ামী লীগের বড় বড় নেতারা দেশ থেকে হাজার হাজার কোটি টাকা পাচার করেছেন। সোমবার বিকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি আয়োজিত বিক্ষোভ মিছিল ও সমাবেশে এ কথা বলেন,সমাবেশের প্রধান অতিথি ও কেন্দ্র বিএনপি তথ্য ও গবেষণা বিষয়ক সহ সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

সমাবেশে সভাপতিত্ব করেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু। বিশেষ অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক,সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক। এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলা যুবদলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন,দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া।

সোমবার বিকালে মিছিলটি কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ড থেকে বের হয়। আর কোটচাঁদপুর বাজার চত্বরে এসে শেষ হয়। এরপর বাজার চত্বরের বিএনপির কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ করেন দলটি। এ সময় তারা পুলিশের হাতে আটক নেতা কর্মীদের মুক্তির দাবি করেন। নিন্দা জানান নেতা কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে হয়রানি করার। সমাবেশ সঞ্চালনায় ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত